

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
স্ট্রিংদেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রজেক্ট
(কম্পোনেন্ট বি: ডিজিটাল ল্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম)
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা-১২০৮

অতি জরুরী

নং- ৩১.০৩.২৬৯২.০১২.১৬.০০৯.১৬.১৭

তারিখ: ২০ পৌষ, ১৪২৩
০৩ জানুয়ারী, ২০১৭


বিষয়ঃ ডিএলএমএস প্রকল্পের এলাকায় বিদ্যুতের Load Capacity বৃদ্ধির জন্য অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

সূত্রঃ (১) ডিএলএমএস প্রকল্পের ০৬ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের পত্র নং ৩১.০৩.২৬৯২.০১২.১৪.০০৮.১৪/(খড-১)-৫১৮
(২) ডিএলএমএস প্রকল্পের ১৪ নভেম্বর, ২০১৬ তারিখের পত্র নং ৩১.০৩.২৬৯২.০১২.১৬.০৪৭.১৬.৭৬৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর কার্যালয়ে সার্ভার কক্ষে ও ভূমি তথ্য ও সেবা কেন্দ্রে প্রয়োজনীয় আইটি সামগ্রী ইতোমধ্যে সরবরাহ করা হয়েছে। বর্ধিত বিদ্যুতের চাহিদা মেটানোর লক্ষ্যে প্রতিটি সার্ভার রুমের জন্য ৯ কিলোওয়াট এবং ভূমি তথ্য সেবা কেন্দ্রের জন্য ৪.৫ কিলোওয়াট বিদ্যুতের Load Capacity বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৬ সেপ্টেম্বর, ২০১৬ ও ১৪ নভেম্বর, ২০১৬ তারিখে সহকারী কমিশনার (ভূমি) দের পত্র দেয়া হয় (সূত্র-১ ও ২)।

২। আলোচ্য Load Capacity বৃদ্ধির (প্রয়োজ্য ক্ষেত্রে) জন্য অর্থের সংস্থান না থাকলে চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড বরাবর প্রাক্কলনসহ অর্থ বরাদ্দের অনুরোধপত্র প্রেরণান্তে প্রকল্প দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।


(মোঃ আহসান হাবীব তালুকদার)
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)
দুরালাপণী/ফ্যাক্স-৮১৭০০০৭

প্রাপক,

সহকারী কমিশনার (ভূমি), উপজেলা:....., জেলা:.....।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে):

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০।
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও ঢাকা।
- ৪। কমিশনার, ঢাকা / রাজশাহী/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
- ৫। জেলা প্রশাসক, গোপালগঞ্জ/ গাজীপুর/ শেরপুর/ জামালপুর/ পাবনা/ রাজশাহী/ দিনাজপুর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা:....., জেলা:.....।
- ৭। জনাব বদিউজ্জামান, টিএ পরামর্শক, বেটস, গুলশান, ঢাকা।
- ৮। Project Manager, IL&FS Technologies Limited, India.
- ৯। দপ্তর কপি (সংরক্ষণার্থে)।